গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
নগর গণপূর্ত বিভাগ
১৫-আব্দুল গণি রোড, ঢাকা
ফোন ঃ ০২-৯৫৫০৬৬৩, ফ্যাক্স ঃ ০২-৯৫৬১৯২৪
Email: ee_city@pwd.gov.bd

মুজিব বর্ষের অঙ্গীকার,
গণপূর্তে টেকসই উন্নয়নের রূপকার

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৪/২০২০-২০২১

স্মারক নং- ২৫.৩৬.২৬০০.১৩০.০০.০০০.০০.১৮৪৭

তারিখ ঃ ২৪/১১/১৪২৭ বঙ্গাব্দ
০৯/০৩/২০২১ খ্রিস্টাব্দ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা এর অধীন নিম্নবর্ণিত স্থাপনা সমূহ অপসারণের জন্য গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান, সচ্ছল ব্যবসায়ী ও ব্যক্তিদের নিকট হতে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম দরপত্র সমূহ ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা গণপূর্ত বিভাগ-১/২, আরবরিকালচার গণপূর্ত বিভাগ, উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, বঙ্গভবন গণপূর্ত উপ-বিভাগ, ঢাকায় গৃহীত হবে এবং একই দিন বেলা ২.৩০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিসে উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে খোলা হবে।

১. কাজের নাম ঃ
(১) **বঙ্গভবনের অভ্যন্তরে বিভিন্ন স্থানে ব্যবহৃত কাঠের চেয়ার (লাল ভেল্ভেট), এক আসনের সোফা, দুই ও তিন আসনের সোফা, ভাঙ্গা চেয়ার, ম্যাট্রেস, তোষক, জাজিম, ঠেলা গাড়ি, টুল টেবিল, আলমারী, রোস্টাম, লেদার সোফা, সাইকেল, স্টীল কেবিনেট, গোল টেবিল, গার্ডেন ছাতা, রেক, মনোগ্রাম ইত্যাদি নিলামের মাধ্যমে বিক্রয়।**
(২) **বঙ্গভবনের অভ্যন্তরে বিভিন্ন স্থানে ব্যবহৃত কাঠের হাইবেক কাপড়ের চেয়ার, গ্যালারী হলের স্টীল ও ফোম চেয়ার, বিভিন্ন স্থানে ব্যবহৃত পর্দা, কার্পেট, মটকা, পিতলের টব, সেন্টার টেবিল, চৌকি, খানাডুলি, নোটিশ বোর্ড, সোফা কুশন ইত্যাদি নিলামের মাধ্যমে বিক্রয়।**

২. দরপত্রে অংশগ্রহণকারীকে প্রতিটি দরপত্রের জন্য মোট মূল্য অংকে ও কথায় আলাদা আলাদাভাবে দরপত্র তফসীলের নির্ধারিত স্থানে লিপিবদ্ধ করতে হবে এবং জামানত হিসেবে তার কর্তৃক উদ্ধৃত দরের ১০০% (একশত ভাগ) টাকা বাংলাদেশের যে কোন তফসীল ব্যাংকের বিডি/পে-অর্ডারের মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৩. দরপত্রের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স/তালিকাভূক্তি বহি, ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, এন. বি. আর. কর্তৃক প্রদত্ত টিন (TIN) সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৪. নিলাম বিজ্ঞপ্তি, শর্ত ও নিয়মাবলী সমূহ নিম্নস্বাক্ষরকারীর অফিস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-১/২, আরবরিকালচার/মেডিকেল কলেজ/রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকার কার্যালয় সমূহে আগামী ১১/০৩/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত প্রতিটি ৫০০/- টাকা মূল্যের বিনিময়ে পাওয়া যাবে।

৫. কাজ সম্পাদনের সময়সীমা ঃ কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে **২(দুই)** দিন।

৬. দর উদ্ধৃতি ঃ দরপত্রে অংশ গ্রহণকারীদের দরপত্র তফসিলের নির্ধারিত স্থানে মালামালের পরিমানের বিপরীতে উল্লেখিত একক হিসেবে উদ্ধৃত দর অংক এবং কথায় লিপিবদ্ধ করতে হবে।

৭. দরপত্র যে সকল কারণে বিধি বহির্ভূত ও সম্পূর্ণ বাতিল বলে ঘোষণা করা হবে ঃ
ক) যদি দরদাতা দরপত্র ফরম, সিডিউলের আইটেমের পাতায় যে স্থানে দর উদ্ধৃত হবে, সেখানে স্বাক্ষর না করেন।
খ) যদি উদ্ধৃত দর অসামঞ্জস্য/লেখার উপর লেখা/ঘষামাজা/অস্পষ্টতা এবং উদ্ধৃত দর সংশোধনীতে ঠিকাদারের স্বাক্ষর না থাকলে।
গ) উপরে বর্ণিত ক্রমিক নং-২ অনুযায়ী ব্যাংকের বিডি/পে-অর্ডার দরপত্রের সাথে জমা না দিলে।
ঘ) যদি ঠিকাদার কর্তৃক অতিরিক্ত কোন শর্ত প্রদান করা হয়।

৮. অনিবার্য কারণে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

চলমান পাতা-২

Scanned with CamScanner

"বিশেষ শর্তাবলী"

১. সর্বোচ্চ দরদাতার দরপত্র অনুমোদিত হওয়ার পর দরদাতাকে জানানোর ২(দুই) কার্য দিবসের মধ্যে ভ্যাট ও ট্যাক্স বাবদ বাকি সমুদয় টাকা নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে বিডি/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর পুরাতন মালামাল সমূহ নেওয়ার জন্য আলাদাভাবে অনুমতি দেয়া হবে। উল্লেখিত সময়ের মধ্যে সমুদয় টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্তসহ তার নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২. পুরাতন মালামাল সমূহ নেওয়ার অনুমতি প্রদানের ২(দুই) দিনের মধ্যে নিজ খরচে সমস্ত মালামাল অপসারণ করে নিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমস্ত ভাংচুর মালামাল অপসারণ করে সমুদয় স্থান সম্পূর্ণ পরিষ্কার পরিচ্ছন্ন না করে দিলে দরপত্র বাতিলসহ জমাকৃত টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

৩. নিলাম দরপত্র জমা দেওয়ার পূর্বে উপ-বিভাগীয় প্রকৌশলী, বঙ্গভবন গণপূর্ত উপ-বিভাগ, ঢাকার সাথে যোগাযোগ করে সরেজমিনে দেখে নিতে হবে। অন্যথায় পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৪. পুরাতন মালামাল সমূহ নেওয়ার সময় জনসাধারণের যাতে কোনও সমস্যা না হয়, সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

৫. যে কোন দূর্ঘটনার জন্য ঠিকাদার দায়ী থাকবেন।

৬. সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশের পূর্বেই সর্বোচ্চ অনুমোদিত দরের উপর আরও অতিরিক্ত জাতীয় রাজস্ব বোর্ড এর নিয়ম অনুসারে আয়কর এবং ভ্যাট বাবদ নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকার অনুকূলে বাংলাদেশের যে কোন তফশিল ব্যাংকের বিডি/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিতে হবে।

৭. ঠিকাদার/ দরদাতা কর্তৃক অতিরিক্ত কোন প্রকার শর্ত প্রদান গ্রহণযোগ্য হবে না।

৮. নিলাম সংক্রান্ত ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. দরপত্রের কোন অংশে টাইপ/বানান/বাক্যে কোন প্রকার ভুল/অস্পষ্টতা/অসংগতি পরিলক্ষিত হলে এই ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০. নিলাম সংক্রান্ত বা নিলামকৃত মালামালের সাথে সংশ্লিষ্ট সকল প্রকার আনুষ্ঠানিকতা/কার্যক্রম সমাপ্তির পরই সর্বোচ্চ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।

১১. পুরাতন মালামাল সমূহ অপসারণ কালীন সময়ে আশে পাশের কোন স্থাপনার ক্ষতি সাধণ করা যাবে না।

১২. পুরাতন মালামাল সমূহ অপসারণ কাজটি অসম্পূর্ণ রাখা হলে অথবা আংশিক কাজ করে চলে গেলে তার জমাকৃত এবং জামানতের টাকা সমুদয় বাজেয়াপ্তসহ তার নিলাম দরপত্র বাতিল করা হবে।

কর্তৃপক্ষ যে কোন নিলাম দর অনুমোদন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৯/০৩/২০২১

(মোঃ রাজিবুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
নগর গণপূর্ত বিভাগ, ঢাকা

09.03.2021

G:\(E)\Folder-E\Nilam Notice\Bangabhaban-09-03-2021\Notice-Paper.doc

Scanned with CamScanner